

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date :14-12-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

PM-CS Conference :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ও আগামীকাল নয়াদিল্লিতে অনুষ্ঠেয় মুখ্যসচিবদের চতুর্থ জাতীয় সম্মেলনে পৌরহিত্য করবেন। কেন্দ্র ও রাজ্যগুলির মধ্যে অংশীদারীত্বকে আরোও জোরদার করার লক্ষ্যে এই সম্মেলন হবে একটি অন্যতম প্রধান পদক্ষেপ।

CM:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল ত্রিপুরা মেডিক্যাল কলেজ এবং বিআর আশ্বেদকর টিচিং হাসপাতালের স্বামী বিবেকানন্দ অডিটরিয়ামে ইন্ডিয়ান সাইকিয়াট্রিক সোসাইটির রাজ্য শাখার ২৫ তম বার্ষিক সম্মেলনের উদ্বোধন করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, মানসিক রোগের চিকিৎসা চ্যালেঞ্জিং বিষয়। মানসিক রোগীকে ভাল রাখা ও সুস্থভাবে তাদের স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনা অত্যন্ত কঠিন কাজ। তিনি মানসিক রোগ প্রতিহত করতে জীবনশৈলির পরিবর্তন, নেশা থেকে বিরত রাখা ও যোগাভ্যাস তৈরি করতে সমাজের সকলস্তরের নাগরিক ও মানসিক রোগীর অভিভাবকদের আহ্বান করেছেন। মুখ্যমন্ত্রী জানান, ডোনার মন্ত্রকের সহযোগিতায় নেশাসক্তদের পুনর্বাসনের জন্য বিশ্রামগঞ্জে একটি পুনর্বাসন কেন্দ্র গড়ে তোলা হবে। অনুষ্ঠানে প্রবীণ মনোরোগ বিশেষজ্ঞ ডাঃ এ কে নাথ, ডাঃ জীবন চক্রবর্তী, ডাঃ বিমল কৃষ্ণ ভৌমিক, ডাঃ জ্যোতির্ময় ঘোষ, ডাঃ সজল গুপ্ত এবং প্রয়াত চিকিৎসক রুপময় ওয়াদেদারের সহধর্মিণীকে সংবর্ধনা দেওয়া হয়।

Saras Fair :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ হাঁপানিয়ার আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে গ্রামোন্নয়ন দপ্তরের অধীনে ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন আয়োজিত ১৩দিন ব্যাপী সরস মেলার উদ্বোধন করবেন। অন্যান্যদের মধ্যে উপস্থিত থাকবেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, রাজ্য বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, বিধায়িকা মীনা রানী সরকার প্রমুখ। মেলা চলবে ২৬শে ডিসেম্বর পর্যন্ত। মেলায় সাংস্কৃতিক অনুষ্ঠান সহ পুতুল নাচের আয়োজন করা হয়েছে।

National Lok Adalat:

আজ ত্রিপুরা হাইকোর্ট সহ রাজ্যের সবকটি জেলা ও মহকুমা আদালতে বসবে জাতীয় লোক আদালত। রাজ্য আইনসেবার কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী জানিয়েছেন, জাতীয় লোক আদালতে ৪৫ টি বেঞ্চে ১৮,০৫৪ টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে। এরমধ্যে ত্রিপুরা হাইকোর্টে একটি বেঞ্চে ২৫ টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে।

Promo Fest :

ত্রিপুরা ট্যুরিজম প্রমো ফেস্টের আজ শেষ দিন। সমাপ্তি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে। অনুষ্ঠানে প্রখ্যাত সঙ্গীত শিল্পী শ্রেয়া ঘোষাল সঙ্গীত পরিবেশন করবেন। তিনি গতকাল সন্ধ্যায় আগরতলায় এসে পৌঁছেছেন। এদিকে, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী গতকাল স্বামী বিবেকানন্দ ময়দানে প্রমো ফেস্টের সমাপ্তি অনুষ্ঠানের শেষ মুহূর্তের প্রস্তুতি খতিয়ে দেখেন। তাঁর সঙ্গে ছিলেন পর্যটন দপ্তরের অধিকর্তা প্রশান্ত বাদল নেগী সহ অন্যান্য আধিকারিকরা।

Industry Commerce Minister :

শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা বলেছেন রাজ্যের অর্থনৈতিক বিকাশে চা শিল্পের উন্নয়ন ও প্রসারে সরকার অগ্রাধিকার দিয়েছে। সরকারের বিভিন্ন পদক্ষেপের ফলে বর্তমানে রাজ্যে চা শিল্পে এক নতুন দিশা দেখা দিয়েছে। গতকাল আগরতলায় প্রস্তাবিত টি ই-অকশন সেন্টার নিয়ে অংশীদারদের সঙ্গে এক মতবিনিময় অনুষ্ঠানে তিনি একথা বলেন।

মতবিনিময় অনুষ্ঠানে রাজ্য ও বহিঃরাজ্যের চা বাগানের প্রতিনিধি, টি অকশনার ও বিডারগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য দপ্তরের অধিকর্তা বিশ্বশ্রী বি বলেন, রাজ্যে ছোট বড় মিলিয়ে ৫৪টি চা বাগান রয়েছে। রাজ্যে চা শিল্পের বিকাশে আগামীদিনে সব ধরনের উদ্ভাবনী পদক্ষেপকে সরকার সহায়তা করবে।

Umakanta Alamuni :

আগামী ১৫ ডিসেম্বর উমাকান্ত একাডেমীর ১৬২তম প্রতিষ্ঠা দিবস উদযাপন করা হবে। ঐদিন সকালে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা আগরতলা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করবে। সন্ধ্যায় থাকছে সাংস্কৃতিক অনুষ্ঠান, সংবর্ধনা জ্ঞাপন এবং পুরস্কার বিতরণ। আজ এক সাংবাদিক সম্মেলনে গতকাল উমাকান্ত একাডেমী এলামনির সভাপতি শুভব্রত দেব এসংবাদ জানান।

National School Judo:

৬৮তম জাতীয় স্কুল গেমসের অনূর্ধ্ব-১৭ বছরের মেয়েদের জুডো প্রতিযোগিতায় তানিয়া দাস ত্রিপুরাকে প্রথম স্বর্ণ পদক এনে দেয়। আসরের দ্বিতীয় দিনে গতকাল ৪৮ কেজি ওজন বিভাগে তানিয়া

পদকটি পায়। এন এস আর সি সি-র ইন্ডোর হলে অনূর্ধ্ব-৫২ কেজি ওজন বিভাগে দিরিং চাকমা রাজ্যকে রৌপ্য পদক এনে দেয়। এর আগে আসরের প্রথম দিনে রাজ্যদলের দখলে এসেছিল দুটি ব্রোঞ্জ পদক।

এদিকে, লুধিয়ানায় অনূর্ধ্ব ১৯ বছরের বালিকা বিভাগে উমা বেগম ৪০ কেজি ওজন বিভাগে ত্রিপুরাকে স্বর্ণ পদক এনে দেয়।

Weather :

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আজ আকাশ প্রধানত পরিষ্কার থাকবে। সকালে ও রাতে কুয়াশার প্রকোপ থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২২ ডিগ্রি ও সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। সকালের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫.৪ ডিগ্রি সেলসিয়াস।

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ১৮.৬ ডিগ্রি সেলসিয়াস। সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের তুলনায় কম থাকায় শীতের প্রকোপ বেশি অনুভূত হয়।
